

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, রাজামাটি পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.rangamati.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৮৪০০.২০৭.০৯.০১২.২৪.১১২

তারিখ : ০৯ বৈশাখ ১৪৩১
২২ এপ্রিল ২০২৪

চুক্তি সম্পাদনের নোটিশ (NOA)

প্রতি

মেসার্স মাহতাব এন্টারপ্রাইজ

৪১/আই হরিচরণ রায় রোড, ফরিদাবাদ, ঢাকা

এই মর্মে অবগত করা যাচ্ছে যে ২০২৩-২৪ অর্থবছরে রাজামাটি পার্বত্য জেলায় কর্মরত গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের উদ্দেশ্যে ১৯/০৩/২০২৪ খ্রি. আপনার দাখিলকৃত ১৪,২০,২৪৪/- (চৌদ্দ লক্ষ বিশ হাজার দুইশত চুয়াল্লিশ) টাকা মূল্যের দরপত্র 'দরপত্র মূল্যায়ন কমিটি'র সকল সদস্যের সুপারিশের ভিত্তিতে জেলাপ্রশাসক, রাজামাটি পার্বত্য জেলা কর্তৃক অনুমোদিত হয়েছে। অতএব, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৫২(১) মোতাবেক চুক্তি সম্পাদন নোটিশ জারী ও এতদুদ্দেশ্যে-

আপনাকে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে :

- ক) এই নোটিশ জারীর তিন (০৩) কার্যদিবসের মধ্যে আপনি চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণ করেছেন মর্মে লিখিতভাবে জানাবেন।
- খ) চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণের চৌদ্দ (১৪) দিনের মধ্যে কিন্তু ০৬/০৫/২০২৪ খ্রি. অতিক্রম না করে কার্য সম্পাদন জামানত (Performance Security) হিসেবে যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে =১,৪২,০২৫/- (এক লক্ষ বিয়াল্লিশ হাজার পঁচিশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলাপ্রশাসক, রাজামাটি পার্বত্য জেলা-এর অনুকূলে আপনি দাখিল করবেন এবং চুক্তি স্বাক্ষর করবেন।
- গ) কার্যাদেশ প্রাপ্তির আটশ (২৮) দিনের মধ্যে কিন্তু ০৪/০৬/২০২৪ খ্রি. অতিক্রম না করে জেলাপ্রশাসক, রাজামাটি পার্বত্য জেলা কর্তৃক অনুমোদিত নমুনা, তার (দরদাতা প্রতিষ্ঠান) কর্তৃক সরবরাহকৃত নমুনা ও দরপত্র সিডিউলে উল্লিখিত স্পেসিফিকেশন অনুযায়ী আপনি স্বাক্ষরিত চুক্তি মোতাবেক পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ শেষ করবেন।

অনুগ্রহপূর্বক অনুধাবন করবেন যে এই চুক্তি সম্পাদন নোটিশ (NOA) চুক্তির (Contract) গঠন তৈরি করবে, যা সম্পাদন করা আপনার জন্য বাধ্যতামূলক হবে।

এ নোটিশের সঙ্গে খসড়া চুক্তিপত্র এবং অন্যান্য সকল দলিলের অনুলিপি আপনার পর্যবেক্ষণ ও স্বাক্ষরের জন্য সংযুক্ত করা হলো।

সংযুক্তি : ফর্দ



(মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ)


উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার
রাজামাটি পার্বত্য জেলা
[জেলাপ্রশাসক, রাজামাটি পার্বত্য জেলা ও
ক্রয়কারী প্রতিষ্ঠান প্রধানের পক্ষে]
ফোন : ০২৩৩৩৩৭১৬৬৬ (অফিস)

স্মারক নম্বর : ০৫.৪২.৮৪০০.২০৭.০৯.০১২.২৪.১১২

তারিখ : ০৯ বৈশাখ ১৪৩১
২২ এপ্রিল ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয় [চুক্তি সম্পাদনের নোটিশ ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২. জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় সহকারী। ইহা জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।


উপপরিচালক (ভারপ্রাপ্তি), স্থানীয় সরকার
রাঙ্গামাটি পার্বত্য জেলা